

**ডিসিপ্লিনারী বোর্ডের সভা  
 ঢাকা বিশ্ববিদ্যালয়ের  
 ১৬জন ছাত্রের বিরুদ্ধে  
 ব্যবস্থা গ্রহণের সুপারিশ**

( বিশ্ববিদ্যালয় সংবাদদাতা )  
 ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিসিপ্লিনারী বোর্ড মোট ১৬ জন ছাত্রের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার সুপারিশ করেছে। গতকাল শুক্রবার অনুষ্ঠিত বোর্ডের সভায় সুপারিশগুলো চূড়ান্ত করা হয়।  
 স্মিতরযোগ্য সূত্রে জানা গেছে, এই ১৬ জন ছাত্রের মধ্যে ১০১১ জনকে বিশ্ববিদ্যালয় থেকে বহিস্কার ও ক্যাম্পাসে অবনিহিত ঘোষণা করার সুপারিশ করা হয়েছে। বাকীদের কয়েকজনকে দু'বছরের জন্য বিশ্ববিদ্যালয় (শেষ পৃ: ২-এর ক: ড:)

**ঢাকা বিশ্ববিদ্যালয়  
 (১ম পাতার পর)**

থেকে বহিস্কার ও অন্যদেরকে সতর্ক করে দেয়ার সুপারিশ রয়েছে।

আরো জানা গেছে, কারণ দর্শানোর নোটিশপ্রাপ্তদের কয়েকজনের বিরুদ্ধে কোন রকম ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়নি।

সুপারিশমালা বিবেচনা ও চূড়ান্ত সিদ্ধান্ত দেয়ার জন্য আজ শনিবার অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের সভায় পাঠানো হচ্ছে।

অতিরিক্ত ১৬ জন ছাত্রের বিরুদ্ধে অবৈধ অস্ত্র বহন, ক্যাম্পাসে সন্ত্রাস গৃহীত, বিশ্ববিদ্যালয়ের আইন লঙ্ঘনগত অন্যান্য অভিযোগ রয়েছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, যে সমস্ত ছাত্রের বিরুদ্ধে কারণ দর্শাও নোটিশ দেয়া হয়েছিল তাদের প্রায় অর্ধেকের কাছ থেকে নোটিশের জবাব পাওয়া যায়নি। যারা নোটিশের জবাব দেয়নি, অভিযোগগুলোর ব্যাপারে তাদের কোন বক্তব্য নেই বলে বোর্ড ধরে নিয়েছে।